# উপজেলা আইসিটি সংক্রান্ত সভার কার্যবিবরণী

সভাপতি ঃ মোহাম্মদ আলতাফ হোসেন
উপজেলা নির্বাহী অফিসার, দিরাই, সুনামগঞ্জ।
সভার স্থান ঃ উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, দিরাই, সুনামগঞ্জ।
সভার তারিখ ও সময় ঃ ০৩/০৩/২০১৬খ্রিঃ সকাল ১১.৩০ টা।
সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট 'ক' তে দেখানো হল।

সভার প্রারম্ভে সভাপতি মহোদয় সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি মহোদয় পূর্ববর্তী সভার কার্যবিবরনী পাঠ করে শুনানোর পর কোন সংশোধনী না থাকায় তা অনুমোদন করা হয় । জনসাধারনের দোরগোড়ায় সেবা পৌঁছে দেয়ার বর্তমান সরকারের অঙ্গিকার বাস্তবায়নে উপজেলা ও ইউনিয়ন ওয়েব পোর্টালের গুরুত্ব অপরিসীম। আন্তরিকতার সাথে উদ্যোক্তা ও ইউপি সচিবগণের মধ্যে সমন্বয়ের মাধ্যমে ইউনিয়ন ওয়েব পোর্টালের কাজ হালনাগাদ করতে হবে। পোর্টাল সমূহের প্রতিনিয়ত হালনাগাদ করতে হবে। এ বিষয়ে তিনি উদ্যোক্তা ও ইউপি সচিবগণের আন্তরিকতা ও সহযোগিতার অভাবকে প্রধানত দায়ী করেন। অত:পর উপস্থিত সদস্যগণকে আহবান জানান। প্রথমেই উদ্যোক্তাদের অনলাইনে জন্ম নিবন্ধন বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।

১.০ জন্মনিবন্ধনঃ সভাপতি মহোদয় সকলের অবগতির জন্য বলেন যে, জন্মনিন্ধন এখন থেকে সকল ইউ/পি সচিবকে অনলাইনে করতে হবে। এখন থেকে আর হাতে লেখা জন্মনিবন্ধন গৃহীত হবে না। সভাপতি মহোদয় বলেন যে, এখন পর্যন্ত কোন ইউপি সচিব জন্মনিবন্ধনের প্রতিবেদন অত্রাফিসে প্রেরণ করে নি।। জন্ম নিবন্ধনের কাজ সরাসরি অনলাইনে করতে হবে। ইউপি সচিব এবং উদ্যোক্তার সমন্বয়ের মাধ্যমে জন্মনিবন্ধনের কাজটি ঠিক মত সম্পন্ন করতে হবে।

সিদ্ধান্তঃ

- ইউপি সচিবদেরকে অনলাইনে জন্মনিবন্ধন করতে হবে। এ ব্যাপারে তাদেরকে প্রয়োজনীয় সহযোগিতা করার জন্য ইউনিয়ন ডিজিটাল সেন্টারের উদ্যোক্তাদের অনুরোধ জানানো হয়।
- প্রত্যেক ইউপি সচিবকে আইসিটি মিটিং এ উপস্থিত থাকতে হবে।
- জন্মনিবন্ধনের মাসিক প্রতিবেদন হার্ড কপি ও সফ্ট কপি unoderai.su@gmail.com এই ঠিকানায় অবশ্যই প্রেরণ করতে হবে।

২.০ যন্ত্রাংশ নিয়ে আলোচনাঃ প্রত্যেক ডিজিটাল সেন্টারের উদ্যোক্তাকে 'ছক মোতাবেক কম্পিউটার সামগ্রীর তথ্য আগামী এক সপ্তাহের মধ্যে অত্রাফিসে প্রেরণ করতে হবে। প্রত্যেক ইউডিসি গুলোতে একটি করে স্টক রেজিস্টার খুলার কথা থাকলে ও কিছু কিছু ইউনিয়ন ডিজিটাল সেন্টারের উদ্যোক্তা স্টক রেজিস্টার খুলেনি। কোন সামগ্রী অচল হয়ে গেলে তা দ্রুত সারানোর ব্যবস্থা গ্রহণ করতে হবে। ডিজিটাল সেন্টারের আয় থেকে নিজে যন্ত্রপাতি ক্রয় করতে হবে। এক্ষেত্রে চেয়ারম্যান ও সচিবের সহায়তা নেয়ার জন্য উদ্যোক্তাগণকে অনুরোধ করা হলো।

| যন্ত্রাংশের নাম | সংখ্যা | সচল | অচল |
|---|---|---|---|
| | | | |

সিদ্ধান্তঃ

- সব সময় ডিজিটাল সেন্টারের যন্ত্রপাতি সক্রিয় রাখতে হবে।
- উদ্যোক্তাদের নিজ উদ্যোগে যন্ত্রপাতিগুলো মেরামত করতে হবে।
- প্রত্যেকের ফেইসবুক আইডি সবসময় একটিভ রাখতে হবে।
- স্টক রেজিস্টার খুলতে হবে।
- কম্পিউটার সামগ্রীর তথ্য হার্ড কপি ও সফ্ট কপি unoderai.su@gmail.com এই ঠিকানায় অবশ্যই প্রেরণ করতে হবে।

৩.০ মনিটরিং টুলঃ প্রত্যেক ডিজিটাল সেন্টারের আয়ের হিসাব বিবরণীর জন্য রেজিস্টার সংরক্ষণ করার জন্য নির্দেশনা প্রদান করা হয়। প্রত্যেক ইউনিয়ন ডিজিটাল সেন্টারের উদ্যোক্তাবৃন্দকে আইসিটি জ্ঞানকে আরও জোরদার করতে হবে। সভাপতি মহোদয় আরো জানান যে, এখন থেকে নিয়মিত dcms.e_service.gov.bd এই ওয়েব সাইটে দৈনিক আয়ের হিসাব আপলোড দিতে হবে। এ জন্য প্রত্যেক ইউনিয়ন ডিজিটাল সেন্টারের উদ্যোক্তাদেরকে সাপ্তাহিক ও মাসিক প্রতিবেদন দেয়ার জন্য দেওয়ার জন্য অনুরোধ জানানো হয়।

নিম্নে দিরাই উপজেলা জানুয়ারি ও ফেব্রুয়ারি /২০১৬ মাসের দৈনিক আয়ের হিসাব বিবরনী দেখানো হলো ।

দিরাই উপজেলা

| মোট ইউনিয়ন :০৯ টি | মোট নিবন্ধন ইউনিয়ন:০৯ টি | মোট আয়---------টাকা | | মোট সেবা গ্রহীতা: ------জন | |
|---|---|---|---|---|---|
| ক্রমিক নং | ইউনিয়নের নাম | মোট আয় (টাকা)- | | মোট সেবা গ্রহীতা(সংখ্যা) | |
| | | জানুয়ারি(মোট টাকা) | সেবা গ্রহীতা | ফেব্রুয়ারি (মোট টাকা) | সেবা গ্রহীতা |
| ১ | রফিনগর | ৫১৬০ | ৮৪ | ০ | ০ |
| ২ | ভাটিপাড়া | ৭৬০ | ১২ | ০ | ০ |
| ৩ | রাজানগর | ৭২৫০ | ৪৭ | ১৮১০ | ২০৯ |
| ৪ | চরনারচর | ৬১০ | ৬৪ | ০ | ০ |
| ৫ | দিরাই সরমঙ্গল | ৪৬০ | ১৩ | ৯৬০ | ৩২ |
| ৬ | করিমপুর | ৩০৩৫ | ১২৬ | ০ | ০ |
| ৭ | জগদল | ১৪৭৪৮ | ১৩৬ | ০ | ০ |
| ৮ | তাড়ল | ২৪৫০০ | ৩৬ | ১১২০০ | ২১ |
| ৯ | কুলঞ্জ | ২৬৬৫ | ৩৯ | ৪৫৪০ | ৪২ |
| মোট টাকা ও সেবা গ্রহীতা | | ৫৯১৮৮ | ৫৫৭ | ১৮৫১০ | ৩০৪ |

সিদ্ধান্তঃ

- প্রত্যেক ইউনিয়ন ডিজিটাল সেন্টাররে উদ্যোক্তাকে প্রতিদিন দৈনিক আয়ের হিসাব নতুন ওয়েব সাইটে ইউআইএসসি কার্যক্রম ব্যবস্থাপনা সিস্টেম (ইউএমএস) এ আপলোড দিতে হবে সাপ্তাহিক ও মাসিক প্রতিবেদন অত্র অফিসে প্রেরণ করতে হবে।
- উদ্যোক্তাদের আয় বাড়ানোর লক্ষ্যে প্রত্যেক বাজারে গিয়ে ব্যাপক প্রচার প্রচারনা ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হয়।
- প্রত্যেক ডিজিটাল সেন্টার এর আয়ের হিসাব বিবরণীর জন্য রেজিষ্টার সংরক্ষণ করতে হবে।
- প্রতি মাসের আইসিটি মিটিং এ সকল ইউপি সচিব ও উদ্যোক্তাগণকে উপস্থিত থাকতে হবে।

[illegible] facebook page [illegible]
উদ্যোক্তার দৃষ্টি আর্কষণ করেন। প্রত্যেক অফিসের জনবল বদলী হওয়ার সময় অবশ্যই নিম্ন স্বাক্ষরকারীকে অবগত করতে হবে ওয়েব পের্টাল হালনাগাদের সুবিধার্থে। স্কুল পর্যায়ে আইসিটির ব্যবহার প্রসার করতে হবে।

সিদ্ধান্তঃ

- প্রত্যেক ইউনিয়ন ডিজিটাল সেন্টারের নামে facebook page খুলতে হবে।
- স্কুল এবং কলেজ পর্যায়ে কনটেন্ট তৈরি করতে হবে।
- মাল্টিমিডিয়া ক্লাসরুম চালু করতে হবে।

৫.০ উপজেলা ও ইউনিয়ন ওয়েব পোর্টালঃ সভাপতি মহোদয় অত্যন্ত ক্ষুবের সাথে জানান যে, বিভিন্ন ইউনিয়ন পোর্টালের লিংক সমূহ তথ্যাদি নিয়মিত হালনাগাদ করা হয় না। সেখানে জগদল ইউনিয়নের বর্ণনা দেওয়া আছে। রফিনগর উইনিয়ন ওয়েব পোটালে পুরাতন চেয়ারম্যানের প্রোফাইল পরিবর্তন করে নতুন চেয়াম্যানের প্রোফাইল ঠিক করার জন্য উদ্যোক্তা ভাটিপাড়া,দিরাই এর দৃষ্টি আর্কষণ করেন। প্রত্যেক ইউনিয়ন ওয়েব পোর্টালে আরও নতুন কয়েকটা ব্যানার সংযোগ করতে হবে। অনেক ইউনিয়নে লিংকের সংখ্যা কম । ওয়েব পোর্টালে খবর এবং নোটিশ নিয়মিত আপলোড দিতে হবে। ইউনিয়ন ও সরকারি অফিস সমূহের ওয়েব পোর্টাল হালনাগাদ রাখার জন্য নির্দেশনা পত্র প্রদান করা হবে।

সিদ্ধান্তঃ

বিস্তারিত আলোচনান্তে নিম্নরুপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

- ওয়েব পোর্টালে পূর্বতন চেয়ারম্যান ও সদস্যবৃন্দের তালিকা লিংক তৈরি করে লিংক সমূহ কার্যকর রাখতে সকল উদ্যোক্তদের প্রতি অনুরোধ জানানো হয়।
- বিধবা ভাতা , মুক্তিযোদ্ধা ভাতা , বয়স্ক ভাতা লিংক এ নতুন তথ্য আপলোড দেয়ার জন্য অনুরোধ জানানো হয়।

সভাপতি মহোদয় বলেন, আয়বৃদ্ধি কার্যক্রমে উদ্যোগ নিতে হবে এ ব্যাপারে চেয়ারম্যান ও ইউনিয়ন সচিবগণ সহযোগিতা করবেন। চেয়ারম্যান, সচিব ও উদ্যোক্তাদের মধ্যে সমন্বয় সাধন প্রয়োজন। এখন থেকে প্রত্যেক ইউনিয়ন ডিজিটাল সেন্টারের উদ্যোক্তাকে নতুন ওয়েব সাইটে নিয়মিত দৈনিক আয়ের হিসাব দিতে হবে। ব্যাপক প্রচারের মাধ্যমে জনসাধারনকে উদ্বুদ্ধ করতে হবে। আয়ের উৎস সৃষ্টির ব্যবস্থা করার জন্য চেয়ারম্যানগণকে অনুরোধ করা হয়। সৃজনশীল নতুন কিছু সংযোজন করার জন্য উদ্যোক্তাদের মনোযোগ আর্কষণ করেন। মডেম সবসময় চালু রাখতে হবে । পোর্টাল হাল করণের জন্য সকল উদ্যোক্তাদের নির্দেশনা প্রদান করা হয়। ওয়েব পোর্টাল হালনাগাদ সার্বক্ষণিক করতে হবে। মনিটরিং টুলে দৈনিক আয়ের হিসাব আপলোড করতে হবে। এ বিষয়ে মনিটর করার জন্য ইউপি চেয়ারম্যানবৃন্দকে অনুরোধ জানান। নিয়যমত আাইসিটি সভায় উপস্থিত থাকার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানানো হয়।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সকলকে আন্তরিকতার সাথে আহবান জানিয়ে সভাপতি মহোদয় সভার সমাপ্ত ঘোষণা করেন।

(মোহাম্মদ আলতাফ হোসেন)
উপজেলা নির্বাহী অফিসার
দিরাই, সুনামগঞ্জ ।
ফোন-০৮৭২৪-৫৬০১৭

স্মারক নং- ০৫.৬০.৯০২৯.০০০.১৭.০৩০.১৪. ৩১৮ (৩০) তারিখঃ ৮ মার্চ, ২০১৬খ্রিঃ

অনুলিপি সদয় অবগতির জন্যঃ

১.জেলা প্রশাসক, সুনামগঞ্জ।
২.চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই,সুনামগঞ্জ।

অনুলিপি, অবগতি ও কার্যার্থে ঃ

১. চেয়ারম্যান, .................................ইউপি (সকল), দিরাই।
২. ইউপি সচিব...................................... ইউপি (সকল) দিরাই।
৩.জনাব/বেগম..........................................................................ইউআইএসসি উদ্যোক্তা (সকল) দিরাই।
৪. অফিস নথি/ মাস্টার ফাইল।

উপজেলা নির্বাহী অফিসার
দিরাই, সুনামগঞ্জ।

| ক্র. নং | পরিশিষ্ট 'ক' | |
|---|---|---|
| | সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা | সভায় অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা |
| | জনাব অসীম সরকার,উপজেলা সমাজ সেবা অফিসার,দিরাই। | জনাব রতন সূত্রধর, উদ্যোক্তা,কুলঞ্জ ডিজিটাল সেন্টার,দিরাই |
| | জনাব বিশ্বজিত কৃষ্ণ চক্রবর্তী,সহকারী শিক্ষা অফিসার,দিরাই | জনাব দীপক চন্দ্র চৌধুরী,সচিব,রাজানগর ইউপি,দিরাই |
| | জনাব প্রিয়ব্রত রায়,সমন্বয়কারী,একটি বাড়ি একটি খামার প্রকল্প, দিরাই | জনাব মোস্তফা মনোয়ার আলম মুমিন, উদ্যোক্তা,তাড়ল ইউডিসি,দিরাই |
| ১. | জনাব দবির আহমদ, উদ্যোক্তা,জগদল ডিজিটাল সেন্টার,দিরাই | বেগম নিভা রানী দাস, উদ্যোক্তা,করিমপুর ডিজিটাল সেন্টার,দিরাই |
| ২. | জনাব মন্মথ রায়,সচিব,করিমপুর ইউপি,দিরাই | জনাব মোঃ শিহাব উদ্দিন, উদ্যোক্তা,রাজানগর ডিজিটাল সেন্টার,দিরাই |
| ৩. | জনাব জীবন্ত সূত্রধর,সচিব,ভাটিপাড়া ইউপি,দিরাই | জনাব রতন সূত্রধর, উদ্যোক্তা,কুলঞ্জ ডিজিটাল সেন্টার,দিরাই |
| ৪. | মোহাম্মদ আব্দুল্লা আল-আমিন,সচিব,দিরাই সরমঙ্গল ইউপি,দিরাই | |
| ৫. | বেগম ববিতা রানী দাস,টেকনিশিয়ান,উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়,দিরাই | |
| ৬. | বেগম শ্যামলা চৌধুরী, সচিব,দিরাই করিমপুর ইউপি,দিরাই | |
| ৭. | জনাব অসিত বরণ দাস, সচিব,চরনারচর ইউপি,দিরাই | |
| ৮. | জনাব অমরেশ দাস, উদ্যোক্তা,সরমঙ্গল ডিজিটাল সেন্টার,দিরাই | |
| ৯. | জনাব কার্তিক দাস, উদ্যোক্তা,সরমঙ্গল ডিজিটাল সেন্টার,দিরাই | |
| ১০. | বেগম সুইটি সূত্রধর, উদ্যোক্তা,রাজানগর ডিজিটাল সেন্টার,দিরাই | |
| ১১. | জনাব স্বপন তালুকদার, সচিব,কুলঞ্জ ইউপি,দিরাই | |
| ১২. | জনাব আব্দুল কাইয়ুম,উদ্যোক্তা,রফিনগর ডিজিটাল সেন্টার,দিরাই | |
| ১৩. | মোঃ মফিজুর রহমান,উদ্যোক্তা, ভাটিপাড়া ডিজিটাল সেন্টার,দিরাই | |
| ১৪. | জনাব রমাপ্রসাদ সূত্রধর ,উদ্যোক্তা,চরনারচর, ইউডিসি,দিরাই | |
| ১৫. | জনাব জগদীশ চন্দ্র চৌধুরী,সচিব,রফিনগর ইউপি,দিরাই | |
| ১৬. | সজল দাস. উদ্যোক্তা, করিমপুর ইউনিয়ন ডিজিটাল সেন্টার,দিরাই। | |
| ১৭. | মৌসুমী আক্তার ঝিনুক. উদ্যোক্তা, তাড়ল ইউনিয়ন ডিজিটাল সেন্টার,দিরাই। | |
| ১৮. | জনাব শুভ দাস,সচিব,তাড়ল ইউপি,দিরাই | |